

খুলনায় চাঁদার দাবিতে কলেজ বন্ধের হুমকি

খুলনা ব্যুরো

ইফতার পার্টির নামে খুলনা মহানগরীর খানজাহান আলী বিজ্ঞান ও প্রযুক্তি মহাবিদ্যালয়ের কাছে আওয়ামী লীগের কয়েকজন নেতা ৫০ হাজার টাকা চাঁদা দাবি করেছে বলে অভিযোগ উঠেছে। চাঁদা না দিলে চলমান পাবলিক পরীক্ষাসহ কলেজের শিক্ষা কার্যক্রম বন্ধ করে দেয়ার হুমকি দিয়েছে তারা। এ ঘটনায় শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। কলেজ কর্তৃপক্ষ বুধবার চাঁদা দাবির ঘটনা লিখিতভাবে পুলিশ কমিশনারকে জানিয়েছেন। ইফতার বাহিনীর নামে আওয়ামী লীগের প্রভাবশালী কয়েকজন নেতা গত সোমবার প্রতিষ্ঠানটির অধ্যক্ষের কাছে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করে। চাঁদা দিতে অস্বীকার করায় মঙ্গলবার কারিগরি বোর্ডের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সমাপনী পরীক্ষা চলাকালে তারা ক্যাম্পাসে ঢুকে শিক্ষকদের গালগাল ও চাঁদা না দিলে পরীক্ষা বন্ধ করে দেয়ার হুমকি দেয়। মঙ্গলবার রাতে তারা কলেজ ক্যাম্পাসের একটি টিনের বেড়াও ভেঙে ফেলে। এর আগে গত ৬ জুন প্রভাবশালী এই পক্ষটির চাপে শিক্ষা প্রতিষ্ঠানটির জনবল নিয়োগ কার্যক্রমও বন্ধ হয়ে যায়। এ বিষয়ে কলেজ অধ্যক্ষ আবুল কালাম আজাদ যুগান্তরকে বলেন, ক্ষমতাসীন দলের ওয়ার্ড পর্যায়ের কয়েকজন নেতা তার কাছে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করে। তিনি টাকা দিতে অস্বীকার করলে তারা কলেজ বন্ধ করার হুমকি দেয়। বুধবার পুলিশ কমিশনারের কাছে এ ব্যাপারে দ্রুত প্রাথমিক ব্যবস্থা নিতে চিঠি দিয়েছেন।